

গান্ধীনগরে এক রাত্রি

মণিভূষণ ভট্টাচার্য

গোকুলকে সবাই জানে, চিনে রাখল ডি.আই বি-র লোক
স্টেটস্ম্যান পড়ার ফাঁকে আড়চোখে, গোকুলের মা
অন্ধকার ঘন হলে বলেছিল, ‘আর নয় এবার ফিরে যা’—
ফেরার আগেই খাকি রঙের বিদ্যুৎ দরজায়
রিভলবার গর্জে ওঠে গর্জায় গোকুল
রাষ্ট্রীয় ডালকুভা ঝুঁকে ছিঁড়ে নিল এক খাবলা চুল
রাতকানা মায়ের চোখে বেল্টের পিতল, বুট—
জলশ্রোত নামে অন্ধকার

শবচক্র মহাবেলা প্রশস্ত প্রাঙ্গণ
পাথরে পাথরে গর্জে কলোনির সুভদ্রার শোক।

অধ্যাপক বলেছিল, ‘দ্যাট্স র-ঙ, আইন কেন তুলে নেবে হাতে।’
মাস্টারের কাশি ওঠে, ‘কোথায় বিপ্লব, শুধু মরে গেল অসংখ্য হা-ভাতে’
উকিল সতর্ক হয়, ‘বিস্কুট নিইনি, শুধু চায়ের দামটা রাখো লিখে’
চটকলের ছকুমিঞ্চা, ‘এবার প্যাদাব শালা হারামি ও.সি.-কে।

উনুন জুলেনি আর, বেড়ার ধারেই সেই ডানপিটের তেজী রক্তধারা
গোধুলিলগনে মেঘে ঢেকেছিল তারা।